**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan Ki Baat :**

সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংগ্রামে ১৪০ কোটি ভারতবাসীর একতা ও সংহতিই হল মূল শক্তি বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, গত ২২শে এপ্রিল পেহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার ঘটনায় অপরাধী ও তাদের পৃষ্ঠপোষকদের কঠোর জবাব দেওয়া হবে। তিনি পেহেলগাঁও-এর ঘটনায় ক্ষোভ প্রকাশ করে বলেন এই ঘটনা সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষকদের হতাশা ও কাপুরুষতার পরিচায়ক। কাশ্মীরকে আবারও ধ্বংস করার উদ্দেশ্যে এ ধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপ সংগঠিত হয়েছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

তিনি আরো বলেন, ভারত তার মহাকাশ ক্ষেত্রকে ব্যক্তিগত উদ্যোগের জন্যও উন্মুক্ত করেছে। এই ক্ষেত্রে দশ বছর আগে যেখানে মাত্র একটি কোম্পানি ছিল এখন তা বেড়ে হয়েছে ৩২৫। প্রধানমন্ত্রী মায়ানমারে বিধ্বংসী ভূমিকম্পে ক্ষতিগ্রস্থদের উদ্ধারে অপারেশন ব্রহ্মে অংশগ্রহণকারী ভারতীয় উদ্ধারকারী দলের ভূয়সী প্রশংসা করেন।

*******************************

**Offer of Appointment distribution/ CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮-১৯ থেকে ২০২৫ সালের এপ্রিল মাস পর্যন্ত ১৬ হাজার ৯৪২ জনকে স্বচ্ছতার নিরিখে সরকারি চাকুরী প্রদান করা হয়েছে। শুধুমাত্র ২০২৫ সালের এপ্রিল মাস পর্যন্ত ৩,২৯৬ জনকে সরকারি চাকুরী দেওয়া হয়। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিভিন্ন দপ্তরে ৪৭৯ জনকে অফার প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজ কল্যান

ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক কিশোর বর্মন, রাজ্য সরকারের মুখ্য সচীব জে কে সিনহা সহ অন্যান্যরা।

***************************

**Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল কলকাতায় জিরানীয়ার শচীন্দ্রনগর কলোণীতে অত্যাধুনিক একটি ইকো পার্ক নির্মাণের বিষযে নিকো পার্কের ম্যানেজিং কমিটির উষ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। রাজ্য পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগীও বৈঠকে উপস্থিত ছিলেন। নিকো পার্কের কর্মকর্তারা জিরানীয়ার শচীন্দ্রনগরে পার্কটি নির্মাণ ও সাজানোর জন্য পর্যটন বিভাগকে সম্ভাব্য সকল সহায়তা প্রদান করার আশ্বাস দিয়েছেন।

****************************

**NIA :**

স্বরাষ্ট্র মন্ত্রক কাশ্মীরের পেহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার তদন্তভার জাতীয় তদন্ত সংস্থা NIA-কে অর্পণ করেছে। NIA দল ইতিমধ্যেই সাক্ষ্য প্রমান সংগ্রহের কাজ শুরু করেছে। বইসরনভ্যালিতে ঐদিনের ঘটনার প্রতক্ষ্য দর্শীদের বয়ান লিপিবদ্ধ করা হচ্ছে। ফরেনসিক এবং অন্যান্য বিশেষজ্ঞদের নিয়ে গঠিত NIA দল এই ষড়যন্ত্রের কারণ অনুসন্ধানে প্রয়াস চালিয়ে যাচ্ছে বলে NIA-এর পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে।

***************************

**Bal Vivha Mukta Bharat-2025 :**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। ঐদিনের সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের জেলা আধিকারিক জানান, আজ অর্থাৎ ২৮শে এপ্রিল বামুটিয়া ব্লকের দুগাঙ্গি পঞ্চায়েতে এবং ৩০শে এপ্রিল পুরাতন

আগরতলা ব্লকের মেঘলিপাড়া পঞ্চায়েতে বাল্যবিবাহ বিষয়ক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সভায় জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল বাল্যবিবাহ, নেশামুক্ত ত্রিপুরা গঠন, বৃদ্ধ-বৃদ্ধাদের প্রতি সম্মান প্রদর্শন ও তাদের সুরক্ষিত রাখা ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক প্রচারাভিযান চালানোর পরামর্শ দেন। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি বিষ্ণুধন দাস। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ।

****************************

**Poshan Pakhwada :**

সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের কৈলাশহরস্থিত ফিল্ড অফিসের উদ্যোগে গতকাল উত্তর ত্রিপুরার ধর্মনগরের কদমতলা বাজারে পোষণ পাখওয়াড়ার উপর এক বিশেষ সচেতনতা প্রচারের আয়োজন করা হয়।

এই কর্মসূচীর মূল উদ্দেশ্য হল জনসাধারণের মধ্যে পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়া। পোষণ পাখওয়াড়ার উদ্দেশ্য শুধু স্বাস্থ্যকর খাদ্যের প্রচারের জন্য সচেতনতা তৈরি করাই নয়, বরং এটি একটি আন্দোলন যা পুষ্টিকে রূপান্তরিত করার লক্ষ্যে কাজ করে। উত্তর ত্রিপুরার কদমতলা গ্রাম পঞ্চায়েতের প্রধান বোরু নাথ, কদমতলা গ্রাম পঞ্চায়েত এর সচিব, সঞ্জিত দাস প্রমুখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*************************

**Master Cricket :**

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে আজ ত্রিপুরা খেলবে মেঘালয়ের বিরুদ্ধে। গুয়াহাটির আসাম ক্রিকেট এসোসিয়েশনের ক্রিকেট একাডেমি মাঠে সীমিত ওভারের এই ম্যাচটি অনুষ্ঠিত হবে।

*****************************

**Weather :**

আজকের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে এক সতর্ক বার্তায় জানানো হয়েছে, পশ্চিম, সিপাহীজলা ও খোয়াই জেলায় বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

*******************************